

৪২তম জাতীয় স্কুল-মাদ্রাসা ক্রীড়া বরিশাল অঞ্চলে মজিদা বেগম বালিকা বিদ্যালয় চ্যাম্পিয়ন

৷ বরিশাল অফিস
শিরোজপুরের ডায়রিয়া উপজেলার মজিদা বেগম বালিকা বিদ্যালয় ৪২তম জাতীয় স্কুল-মাদ্রাসা গ্রীষ্মকালীন ক্রীড়া প্রতিযোগিতার ফুটবলে চ্যাম্পিয়ন হয়েছে। ১২ শেখের বরিশাল অঞ্চলের চ্যাম্পিয়ন হিসেবে মজিদা বেগম বালিকা বিদ্যালয় খুলনা অঞ্চলের বিজয়ীর সাথে খেলতে সুন্দার যাবে।

পতাকা সোমবার বরিশাল অঞ্চলের ফাইনাল শেষে বিভিন্ন ইভেন্টে বিজয়ীদের হাতে চ্যাম্পিয়ন ট্রফি তুলে দেন বিভাগীয় কমিশনার মোঃ নূরুল আমিন। মজিদা বেগম বালিকা বিদ্যালয়ের পক্ষে চ্যাম্পিয়ন ট্রফি গ্রহণ করেন বিদ্যালয়ের শরীর চর্চা শিক্ষক ও টিম ম্যানেজার মোঃ বেহেদী হাসান।

মজিদা বেগম বালিকা বিদ্যালয়ের শিক্ষক ও খেলায়োগড়রা খুলনা অঞ্চলেও চ্যাম্পিয়ন হওয়ার আশাবাদ ব্যক্ত করেন। একই আশাবাদ ব্যক্ত করেন বিভাগীয় কমিশনার নূরুল আমিন। বরিশাল জিলা কুলে আয়োজিত এ অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের সচিব মোঃ আব্দুল নোভাদের হাওদাদার ও বরিশাল মহল কুল এড কলেজের অধ্যক্ষ নোঃ রাসুদ রানা। সভাপতিত্ব করেন বরিশাল জেলা শিক্ষা অফিসার কাজী মনোয়ার হোসেন।

সমাপনী অনুষ্ঠানে বক্তারা বলেন বরিশাল উপ-অঞ্চলের চ্যাম্পিয়ন হওয়া শিক্ষা প্রতিষ্ঠানগুলোর খেলায়োগড়রা খুলনা অঞ্চলের মধ্যে সেরা অবস্থান করে নিয়ে। সফলটি বিদ্যালয়ের শিক্ষকদের পরামর্শনার পাশাপাশি খেলায়োগড়রা অন্য শিক্ষার্থীদের অনুপ্রাণিত করার আহবান জানানো হয়।

পুরস্কার বিতরণীর আগে কাবাডি ইভেন্টের সর্বশেষ খেলায় বরিশালের লামচরি মাধ্যমিক বিদ্যালয় বরতনাকে পরাজিত করে। তার আগের দিন রবিবার আব্দুর রব সেরনিয়াবাত স্টেডিয়ামে জেলা ও কালকারীর কুলকে হারিয়ে মজিদা বেগম বালিকা বিদ্যালয় চ্যাম্পিয়ন হওয়ার পৌরব অর্জন করে।

উল্লেখ্য, এবার বরিশাল অঞ্চলের ফুটবল প্রতিযোগিতায় অংশ নেয় চারটি বিদ্যালয়। এর মধ্যে ভরী ও তানিয়ার গোলে মজিদা বেগম বালিকা বিদ্যালয় ২-০ গোলে জেলা সরকারি বালিকা বিদ্যালয়কে হারিয়ে ফাইনালে ওঠে। অপরদিকে বরিশাল সদর পার্সন স্কুলের বিরুদ্ধে জিতে ফাইনালে ওঠে রাজাপুর পাইলট পার্সন স্কুল। ফাইনালটি নির্ধারিত সময়ে গোলশূন্য থাকলে টাইব্রেকারে রাজাপুর পাইলট পার্সন স্কুলকে ৩-১ গোলে হারিয়ে দেয় মজিদা বেগম বালিকা বিদ্যালয়। টাইব্রেকারে বিজয়ীদের পক্ষে অধিনায়ক সুসতানা আফর, তানজিলা ও নিম গোলে করেন।